দৈনিক বাংলা

25

তারিখ ..17 SEP 1996

পৃষ্ঠা ৭ কলাম ৭

# ছাত্রদের উপযুক্ত নাগরিক হিসাবে গড়ে তুলুন ঃ শিক্ষামন্ত্রী

**স্টাফ রিপোর্টার ঃ** শিক্ষামন্ত্রী এ এমএইচকে সাদেক ছাত্রছাত্রীদের সুশিক্ষায় শিক্ষিত করার মাধ্যমে দেশের উপযুক্ত নাগরিক হিসাবে গড়ে তোলার ব্যাপারে শিক্ষকদের যথাযোগ্য ভূমিকা পালন করতে আহ্বান জানিয়েছেন।

শিক্ষামন্ত্রী রোববার ধানমন্ডি সরকারী বালক বিদ্যালয়ে "শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস দূরীকরণ ও শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের ভূমিকা" শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির ভাষণে এ আহ্বান জানান।

মন্ত্রী বলেন, ভবিষ্যতে জাতির দায়িত্ব গ্রহণের জন্য শিক্ষিত জনশক্তি গড়ে তোলার ব্যাপারে শিক্ষকরাই হচ্ছে প্রধান হাতিয়ার। বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি ঐক্য পরিষদের জাতীয় প্রতিনিধি সম্মেলন উপলক্ষে এ সেমিনারের আয়োজন করা হয়। এতে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঢাকা সিটি করপোরেশনের মেয়র মোঃ হানিফ, আইন, বিচার ও সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী এডভোকেট আবদুল মতিন খসরু। আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক শামসুর রহমান খান শাহজাহানকে প্রধান আলোচক হিসাবে এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর রাশিদা খানম সে মিনারে বক্তব্য রাখেন।

ঐক্য পা রষদের আহ্বায়ক ও ধানমন্ডি সরক রী বালক বিদ্যালয়ের প্রধান শিক্ষিক মিসেস মমতাজ আউয়ালের সভানে ত্বে সেমিনারে মুল প্রবন্ধ পেশ করেন নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়ের ধান শিক্ষক আবদুল আজিজ।

সেমিনারে বিশেষ অতিথি ঢাকা সিটি করপো রেশনের মেয়র মোঃ হানিফ আলোচনায় অং শ নিয়ে বলেন, সন্ত্রাস দমনের প্রধ ান ভূমিকা সরকারের; শিক্ষকের নয় কোন শিক্ষক চায় না, তাঁর ছাত্র সং ন্ত্রাসী হোক। তিনি বলেন, সন্ত্রাস দমনে স রকারকে অনেক আন্তরিক হতে হবে। শি ক্ষাঙ্গনে সন্ত্রাস দমন করতে হলে দলীয় রাজনীতির উর্ধ্বে উঠতে হবে। অন্য ছাত্র সংগঠনের কোন ছাত্রের হাতে বেআইনী অস্ত্র পাওয়া গেলে তাকে যেমন ধরতে হবে তেমনি নিজ ছাত্র সংগঠনের কোন সদস্যের হাতে বেআইনী অস্ত্র পাওয়া গেলে তাকেও ধরতে হবে। এমন কি, আমার ছেলের হাতেও যদি বেআইনী অস্ত্র থাকে তবে তাকেও ধরতে হবে। তা না হলে সন্ত্রাস দমন করা যাবে না। সুষ্ঠু নীতি থাকলে সন্ত্রাস দমন সম্ভব বলে আমি বিশ্বাস করি।

সভাপতির বক্তৃতায় মিসেস মমতাজ আউয়াল সকল সরকারী মাধ্যমিক স্কুলের সহকারী শিক্ষকগণকে প্রথম শ্রেণীর গেজেটেড পদমর্যাদা প্রদান এবং পৃথক মাধ্যমিক শিক্ষা অধিদফতর গঠনের দাবী জানান।